# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-07-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সংসদের বাদল অধিবেশন আজ শুরু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশহিতে ভারত আজও ঐক্যবদ্ধ।

২) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচির মধ্য দিয়ে নির্বাচন কমিশন বাংলা বিরোধী ষড়যন্ত্র করছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

বিভিন্ন রাজ্যে বাংলাভাষীদের হেনস্থার অভিযোগে আগামী ২৭-শে জুলাই থেকে আন্দোলনের ডাক দিয়েছেন তিনি।

৩) পশ্চিমবঙ্গের ভোটার তালিকা থেকে অবৈধ ভোটারদের বাদ দেওয়া হবে বলে স্পষ্ট জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আগামী চৌঠা আগস্ট দলীয় বিধায়কদের নিয়ে উত্তরকন্যা অভিযানের ঘোষণা করা হয়েছে।

৪) ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নতুন নিয়োগ প্রক্রিয়ায় কোনরকম হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে সুপ্রিম কোর্ট।

৫) বর্ষীয়ান কমিউনিষ্ট নেতা কেরলের প্রাক্তন মুখ্যমন্ত্রী ভি এস অচ্যুতানন্দন প্রয়াত।

সাতের দশকের অন্যতম মার্কসবাদী তাত্ত্বিক আজিজুল হক আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।

oooooooooooooooooooo

সংসদের বাদল অধিবেশন আজ শুরু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অধিবেশন শুরুর আগে জানিয়েছেন, এবারের অধিবেশন অত্যন্ত ফলপ্রসূ হবে। গুরুত্বপূর্ণ আলোচনার মাধ্যমে দেশের গণতন্ত্র আরও শক্তিশালী হয়ে উঠবে বলে তাঁর আশা। শ্রী মোদী বলেন, অপারেশন সিন্দুঁরের হাত ধরে সারা বিশ্ব ভারতীয় সেনাশক্তির ক্ষমতাকে প্রতক্ষ্য করেছে। ভারতীয় জওয়ানরা তাদের উদ্দেশ্যকে ১-শো শতাংশ পুরণ করতে সক্ষম হয়েছেন। ২২ মিনিটের মধ্যে জঙ্গিঘাঁটি ধ্বংস করে দিয়ে পহেলগাঁও হামলার যোগ্য জবাব দিয়েছে ভারত। বিভিন্ন দেশে পাঠানো প্রতিনিধি দলের সদস্যদের ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশহিতে ভারত আজও ঐক্যবদ্ধ।

(বাইট – প্রধানমন্ত্রী)

ooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচির মধ্য দিয়ে নির্বাচন কমিশন বাংলা বিরোধী ষড়যন্ত্র রচনা করছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। এ ব্যাপারে নির্বাচন কমিশন ও কেন্দ্রীয় সরকারের ভূমিকা নিয়ে তোপ দেগে তিনি বলেন, গোটা দেশে বাংলা ভাষা ও বাংলাভাষীদের উপর সন্ত্রাস চলছে। এর প্রতিবাদে আগামী ২৭ শে জুলাই থেকে প্রতি শনি ও রবিবার সব ভাষাভাষী মানুষকে নিয়ে ভাষা আন্দোলন করার ডাক দিয়েছেন তিনি। মতুয়া, রাজবংশী সহ সমস্ত সংখ্যালঘু সম্প্রদায়ের উপর আক্রমনের পাশাপাশি তাঁদের নাম ভোটার তালিকা থেকে বাদ দিয়ে বিদেশি প্রমাণ করা চক্রান্ত চলছে বলেও মুখ্যমন্ত্রীর অভিযোগ। রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে ধর্মতলায় আজ ২১-শে জুলাই বার্ষিক শহিদ সমাবেসের

মঞ্চ থেকে তৃণমূল কংগ্রেস নেত্রী বলেন, বিজেপি আর কমিশনের মধ্যে চক্রান্ত চলছে। বিহারে যেভাবে নির্বাচন কমিশন ‘SIR’ ব্যবস্থা চালিয়ে ভোটার তালিকা নিয়ে কারসাজি করেছে, সেটা বাংলায় চালু করার চেষ্টা হলে কমিশনের অফিস ঘেরাও করা হবে বলে হুঁশিয়ারী দেন তিনি।

(বাইট-মমতা)

সরকারি প্রকল্প ও কর্মসংস্থানের প্রসঙ্গ তুলে তিনি বলেন, রাজ্য সরকারে জাতি,ধর্ম,বর্ণ, ভাষা নির্বিশেষে সকলের উন্নয়নে বদ্ধ পরিকর এবং তার জন্য রাজ্যে ৩৪টি প্রকল্প রয়েছে। এ রাজ্যে বেকারত্বের হার ৪০ শতাংশ কমেছে বলেও তিনি দাবি করেন।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, ভোটার তালিকায় সংশোধন নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস দিল্লিতে বৃহত্তর আন্দোলন করবে। তিনি অভিযোগ করেন, নির্বাচন কমিশন এবং এনফোর্সমেন্ট ডিরেক্টরেটকে কাজে লাগিয়ে কেন্দ্র, বিরোধী দলগুলির কণ্ঠ রোধ করতে চাইছে।

(বাইট- অভিষেক)

oooooooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগামী চৌঠা আগষ্ট দলীয় বিধায়কদের নিয়ে উত্তরকন্যা অভিযানের ডাক দিয়েছেন। রাজ্যজুড়ে একের পর এক নারী নির্যাতনের প্রতিবাদে ও কন্যা সুরক্ষার দাবিতে বিজেপি যুব মোর্চা আজ শিলিগুড়ির তিনবাত্তি মোড় থেকে চুনাভাটি ফুটবল গ্রাউন্ড পর্যন্ত উত্তরকন্যা অভিযান মিছিল করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই মিছিলে নেতৃত্ব দেন। মিছিল শেষে এক জনসভায় তিনি বলেন, আগামী চার তারিখ ৬৫ জন বিধায়ককে নিয়ে তিনি উত্তরকন্যায় যাবেন। ২০২৬ সালের

বিধানসভা নির্বাচনে আরও বেশি আসন নিয়ে ক্ষমতায় আসবেন বলে মুখ্যমন্ত্রী যে চ্যালেঞ্জ করেছেন তার জবাবে বিরোধী দলনেতা বলেন, ২০২৬ সালে মমতা ব্যানার্জী প্রাক্তন মুখ্যমন্ত্রীতে পরিণত হবেন। তিনি বলেন, এ রাজ্যেও অবৈধ ভোটারদের তালিকা থেকে বাদ দেওয়া হবে।

(বাইট- শুভেন্দু)

শ্রী অধিকারী আরও জানান, সবাইকে কাজ দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী দাবি করেছেন অথচ ৬০ লক্ষ শ্রমিক রাজ্যের বাইরে গিয়ে কাজ করছেন। বেকারের সংখ্যা ২কোটি ১৫ লক্ষের বেশী এবং রাজ্যে শিল্প কারখানা একের পর এক বন্ধ কেন হয়ে যাচ্ছে তা নিয়ে বিরোধী দলনেতা প্রশ্ন তোলেন। পাশাপাশি উত্তরবঙ্গের প্রতি বঞ্চনার অভিযোগ তুলে শ্রী অধিকারী বলেন, প্রধানমন্ত্রী এখানে এইমস হাসপাতাল গড়ে তুলতে চাইলেও রাজ্য সরকার জমি দেয়নি। পাহাড়ের মানুষ ও চা বাগানে শ্রমিকদের সঙ্গে বঞ্চনা করা হয়েছে বলেও তাঁর অভিযোগ।

oooooooooooooooooooo

একুশে জুলাইয়ের মঞ্চ, শহীদদের সম্মান জানানোর নয়- বিজেপিকে আক্রমণের মঞ্চ বলে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি অভিযোগ করেন, সিপিআইএমের শাসনকাল থেকে বাংলাদেশীদের নাম অবৈধভাবে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। তাদের রেশন কার্ড ও জমি পাইয়ে দেওয়া হয়েছে। তৃণমূল কংগ্রেস সরকারের আমলে তা আরো প্রকট হয়েছে। তৃণমূল কংগ্রেসের এইভাবে ধর্মান্ধ মৌলবাদীদের কাছে আত্মসমর্পণ পশ্চিমবঙ্গকে অনিবার্যভাবে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে বলে রাজ্য সভাপতি দাবী করেন।

বিভাজনের রাজনীতি করে জয়লাভ সম্ভব নয় বলেই তৃণমূল কংগ্রেস এখন বাংলা ভাষাকে আঁকড়ে ধরেছে। পশ্চিমবঙ্গকে পশ্চিম বাংলাদেশ হওয়া থেকে আটকাতে এই সরকারের অপসারণ প্রয়োজন। রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী কখনোই বিজেপি মুক্ত ভারত দেখে যেতে পারবেন না বলেও শ্রী ভট্টাচার্য মন্তব্য করেন।

(বাইট- শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেসের আজকের সমাবেশ বার্ষিক বনভোজনে পরিণত হয়েছে বলে সিপিআইএম কটাক্ষ করেছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে মিথ্যাচরণ করছেন। বামফ্রন্ট আমলে কেউ ভোট দিতে পারতেন না বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ খারিজ করে দিয়ে সেলিম বলেন, সে সময় মুখ্যমন্ত্রী স্বয়ং সাংসদ নির্বাচিত হয়েছিলেন। বর্তমানে বোমা-বন্দুক ও পুলিশকে ব্যবহার করে ভোট লুট করা হচ্ছে বলেও দাবি করেন তিনি।

অন্যদিকে, নদীয়ার কালিগঞ্জে বোমার আঘাতে স্কুলছাত্রী তামান্নার মৃত্যু ও অভয়ার ন্যায় বিচারের দাবিতে আজ কালিগঞ্জ মাঠে জনসভা করে প্রদেশ যুব কংগ্রেস। সভায় প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেন, চিকিৎসকের ধর্ষণ ও খুনের বিচারের জন্য আন্দোলনের লড়াই থেকে কংগ্রেস কখনোই সরে আসবে না। ক্ষমতা প্রদর্শন করে নিষ্ঠুরভাবে তমান্নাকে হত্যা করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ২০২৫-এ এস এস সি নিয়োগ প্রক্রিয়ায় কোনরকম হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে সুপ্রিম কোর্ট। চিহ্নিত

অযোগ্যরা নতুন নিয়োগ পরীক্ষায় বসতে পারবেন না বলে কলকাতা হাইকোর্টের সিঙ্গল ও ডিভিশন বেঞ্চ নির্দেশ দেওয়ার পরেও অতিরিক্ত শূন্য পদ সৃষ্টি, বয়সের ক্ষেত্রে ছাড় এবং অভিজ্ঞতার ভিত্তিতে নম্বর দেওয়া নিয়ে কমিশনের কয়েকটি সিদ্ধান্তের বিরুদ্ধে সর্বোচ্চ আদালতে মামলা দায়ের করা হয়। তারই শুনানিতে বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি সতীশ চন্দ্র শর্মার বেঞ্চ জানিয়েছেন, এধরনের মামলাকে তারা গুরুত্ব দিতে নারাজ। কমিশন তার এক্তিয়ার বহির্ভূত কোন কাজ করেনি বলে জানিয়ে, সুপ্রিম কোর্ট বলেছে, আদালতের নির্দেশ মাফিক শুধুমাত্র যোগ্য ও প্রতিবন্ধী প্রার্থীরা বয়সের ক্ষেত্রে ছাড় পাবেন।

oooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসায় বিজেপি নেতা অভিজিৎ সরকার খুনের মামলায় সাজা প্রাপ্ত কলকাতা পুলিশের তৎকালীন তদন্তকারী আধিকারিক রত্না সরকার ও হোমগার্ড দীপঙ্কর দেবনাথ, কলকাতা হাইকোর্টে জামিনের আবেদন জানিয়েছেন। গত ১৮-ই জুলাই সি বি আই-এর বিশেষ আদালত এই মামলায় নারকেলডাঙা থানার প্রাক্তন ওসি সহ মোট চারজন পুলিশ আধিকারিককে ৩১-শে জুলাই পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেয়। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে, আজ হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন আবেদনকারীরা। বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চে আগামীকাল মামলার শুনানি হতে পারে।

oooooooooooooooooooooo

বর্ষীয়ান কমিউনিষ্ট নেতা কেরলের প্রাক্তন মুখ্যমন্ত্রী ভি এস অচ্যুতানন্দন প্রয়াত। দীর্ঘ রোগভোগের পর শতায়ু এই রাজনীতিবিদ আজ তিরুবনন্তপুরমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস শ্রী অচ্যুতানন্দনের প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন। এক বার্তায় রাজ্যপাল বলেন, গণতান্ত্রিক আদর্শ ও সামাজিক ন্যায়ের প্রতি অচ্যুতানন্দনের অটল অঙ্গীকার আজও সকলকে অনুপ্রাণিত করে।

oooooooooooooooo

সাতের দশকের নক্সাল আন্দোলনের অন্যতম নেতা ও মার্কসবাদী তাত্ত্বিক আজিজুল হক শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।

বয়স হয়েছিল ৮৫ বছর। ১৯৫৬ খাদ্য আন্দোলনে তিনি সক্রিয় অংশ নেন। ৬৪তে কমিউনিস্ট পার্টি বিভাজনের পর তিনি যুক্ত হন সিপিআইএম-এ। নক্সাল আন্দোলনের সময় দীর্ঘ ১৮ পর আজিজুল হক কারাবাস করেন।

বন্দি জীবনের অভিজ্ঞতা নিয়ে তিনি লিখেছেন কারাবাসে ১৮ বছর। আজীবন সাম্যবাদী আন্দোলনের এই নেতার মৃত্যুতে সর্বস্তরের বামপন্থী কর্মীদের মধ্যে শোকের ছায়া। আজিজুল হকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo